আমাদেরসময়

তারিখ · 2·5·JAN·2016
পৃষ্ঠা ··· 1 ··· কলাম ··· ৪

### জাবিতে শিক্ষক লাঞ্ছনা

# তিন ছাত্রলীগ কর্মীকে কারণ দর্শানোর নোটিশ

জাবি প্রতিনিধি •
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ইতিহাস বিভাগের অধ্যাপক মোজাহিদুল
ইসলামকে লাঞ্ছিত করার ঘটনায় অভিযুক্ত তিন ছাত্রলীগ কর্মীকে কারণ
দর্শানোর নোটিশ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গত শনিবার বিকালে তাদের
কাছে এই নোটিশ পাঠানো হয় বলে জানান প্রক্টর অধ্যাপক ড. তপন কুমার
সাহা। অভিযুক্ত তিন ছাত্রলীগ কর্মী বলেন, সরকার ও রাজনীতি বিভাগের
শিক্ষার্থী মো. আবু সাদাত সায়েম (৪০তম আবর্তন), আন্তর্জাতিক সম্পর্ক
বিভাগের জামশেদ আলম (৪৩তম আবর্তন) ও বাংলা বিভাগের জাহিদ হাসান
(৪৩তম আবর্তন)। তারা সবাই বিশ্ববিদ্যালয়ের আল-বেরুনি হলের আবাসিক
শিক্ষার্থী। অধ্যাপক তপন কুমার বলেন, অধ্যাপক মোজাহিদ শনিবার দুপুরে
প্রক্টর বরাবর ওই তিন ছাত্রের বিরুদ্ধে একটি অভিযোগপত্র দিলে তার
পরিপ্রেক্ষিতে প্রক্টরিয়াল টিমের জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।
অভিযুক্তদের তিন কর্মদিবসের মধ্যে নোটিশের জবাব দিতে বলা হয়েছে। জবাব
দিতে ব্যর্থ হলে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের আচরণবিধির ৪ ও ৫ নং ধারা
অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। প্রসঙ্গত, বৃহস্পতিবার বিকালে
বিশ্ববিদ্যালয়ের চৌরঙ্গীর মোড় এলাকায় বহিরাগত এক ছাত্রীকে নিপীড়ন ও তার
বন্ধুকে মারধর করে অভিযুক্ত তিন ছাত্রলীগ কর্মী। এই ঘটনা থামাতে গিয়ে ওই তিন
শিক্ষার্থীর দ্বারা লাঞ্ছনার শিকার হন বলে অভিযোগ করেন অধ্যাপক মোজাহিদ।
তবে অভিযুক্ত এই তিন ছাত্রলীগ কর্মী দর্শনার্থী ছাত্রকে মারধরের বিষয়টি স্বীকার
করলেও ছাত্রীর ওড়না ধরে টানাটানি ও শিক্ষক লাঞ্ছনার বিষয়টি অস্বীকার করেন।